भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 605969

Certified that the document is admitted to registration. The signature sheet/s and the endorsement sheets attached with this document are the part of this document.

Dist. Sub-Registrar-I
Alipore, South 24 Parganas

31 AUG 2009

মং ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা পণ মূল্যের

নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল।।

25/8/2009
5,000/-
Smt Shamali Mukherjee & another
Bose Para, Ramdahari, Garia,
Kol- 700084.

SL NO. 150 Rs. 5,000/-
(Rupees Five thousand only.)

1463
28/8/09

Seal of the Dist. Sub-Registrar-1, South 24 Pgs., Alipur, West Bengal

1464

Bijoy Banerjee
S/o Late A.C. Banerjee
P/o Raipur
Kol- 700084
Retd.

District Sub-Registrar-1
Alipore, South 24 Parganas
28 AUG 2009

সহ যাবতীয় ব্যবহারিক রাইট ও ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পূর্ণ নির্দ্দায় ও খাস অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ—

জেলা দক্ষিণ ২৪ পরগণা, সাব-রেজিস্ট্রী অফিস - আলিপুর, থানা - রিজেন্টপার্ক, কলকাতা পুরসভার ১১১ নম্বর ওয়ার্ডের অন্তর্গত, কলকাতা - ৭০০০৮৪, মৌজা - ব্রহ্মপুর গ্রামে, জে. এল. নম্বর - ৪৮, পরগণা - মাগুরা, রে. সা. নম্বর ১৬৯, তৌজি নম্বর - ৬০, হাল জরিপের ৪ নং বিধিমতে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট হাল ৬৮১ নং খতিয়ানে লিখিত ৭৮৪ নম্বর দাগের ৪৩ শতক ডাঙ্গা জমি জমা সহ আর কিছু জমি জমা জনৈক থারুমল বেগরাজ সিন্ধি বিগত ইংরাজী ১৯/০৪/১৯৪১ তারিখে আলিপুর ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রী একখানি সাফ বিক্রয় কোবালা মূলে মোসাম্মৎ কবুজান বিবি, মোসাম্মৎ মেহেরজান বিবির নিকট হইতে খরিদ করিয়া খাসে ভোগ দখল করিতে থাকেন। উক্ত সাফ বিক্রয় কোবালা দলিল ঐ অফিসের ১ নম্বর বহির, ৩৫ নং ভলুমের, ২১৮ নং হইতে ২২০ নং পাতায় লিখিত, ১৩৪৪ নং দলিল রূপে লিপিবদ্ধ থাকে। অতঃপর দলিলে দেখা যায় ৭৮৪ নম্বর দাগের স্থলে ভুল বশতঃ ৪৮৪ নং দাগ লেখা হইয়াছে। প্রকৃত পক্ষে ৪৮৪ নং দাগের স্থলে ৭৮৪ নম্বর দাগ হইবে। অতঃপর বিগত ইংরাজী ০৪.১১.১৯৫৪ তারিখে আলিপুর ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত একখন্ড সাপ্লিমেন্টারী দলিল দ্বারা

ঐ ভুল সংশোধন করা হয়। ঐ সাপ্লিমেন্টারী দলিল ঐ অফিসের ১ নম্বর বহির, ১২২ নং ভল্যুমের, ৮৫ নং হইতে ৮৬ নং পাতায় লিখিত, ৭২২৪ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে।

অতঃপর উক্ত থারুমল বেগরা বিগত ইংরাজী ০৯.০৭.১৯৪৬ তারিখে আলিপুর ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত একখন্ড সাফ বিক্রয় কোবালা দলিল মূলে ৪৩/২ নং লেক এভিনিউ, কলকাতা নিবাসী অমৃত লাল বন্দ্যোপাধ্যায় এবং বিহরী লাল বন্দ্যোপাধ্যায় মহাশয়দ্বয়ের নিকট হইতে ব্রহ্মপুর মৌজায় হাল জরিপের ৮৫১ নম্বর খতিয়ানে লিখিত ৭৮৫ নম্বর দাগের ৫১ শতক ডাঙ্গা জমি জমা সহ আরও কিছু জমি জমা খরিদ করিয়া খাসে ভোগ দখল করিতে থাকেন। উক্ত সাফ বিক্রয় কোবালা দলিল ঐ অফিসের ১নং বহির, ৪৩ নম্বর ভল্যুমের, ২৫১ নং হইতে ২৫৩ নম্বর পাতায় লিখিত, ২৩৭২ নম্বর দলিল (বিয়িং) রূপে লিপিবদ্ধ আছে।

অতঃপর উক্ত থারুমল বেগরাজ সিন্ধি মহাশয় এক যৌথ ব্যবসার উদ্দেশ্যে বিগত ইংরাজী ০৫/০৭/১৯৫৬ তারিখে জনৈক কেবলরাম জেঠানন্দ এবং নাথুরমল কেশয়ানী (থাওমল) মহাশয়দ্বয়ের সহিত সাব রেজিস্ট্রার অফ্ কলকাতা রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত একখানি ডিড্ অফ্ পার্টনারশিপ দলিল রেজিস্ট্রী করেন। ঐ ডিড অফ্ পার্টনারশিপ দলিলখানি সাব রেজিস্ট্রার

অফ্ কলকাতা অফিসের ৪ নং বহির, ৩৪ নং ভল্যুমের, ২০২ নং হইতে ২০৭ নং পাতায় লিখিত, ২২৬২ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে।

অতঃপর বিগত হাল জরিপ কার্য্য শুরু হইলে উক্ত থারুমল বেগরাজ সিন্ধি মহাশয়ের খরিদা যাবতীয় স্পত্তির মালিক হিসাবে থারুমল বেগরা সিন্ধির ৭ আনা ১৬ গন্ডা অংশ, কেবলরাম জেঠানন্দের ৪ আনা ৫ গন্ডা অংশে চূড়ান্ত রেকর্ড প্রকাশিত হয়। অতঃপর বিগত ইংরাজী ১৯৬৪ সালে থারুমল বেগরাজ পরলোক গমন করায় তাঁহার নিজ অংশের সম্পত্তি মালিক দখলকার হন তাঁহার স্ত্রী শ্রীমতী পরমেশ্বরমী দেবী ও তাহার তিন পুত্র যথাক্রমে শ্রী ঘনশ্যাম দাস, শ্রী গুরূখ দাস, শ্রী শ্যামদাস ও নাথুরমল কেশয়ানী (থাওমল)।

অতঃপর বিগত ইংরাজী ১৫/০৭/১৯৬৫ তারিখে রেজিস্ট্রার অফ কলকাতা অফিসে রেজিস্ট্রীকৃত একখন্ড ডিড্ অফ্ রিটারমেন্ট দলিল মূলে উক্ত কেবলরাম জেঠানন্দ তাহার ৪ আনা ৫ গন্ডা অংশের সম্পত্তি উক্ত থারুমল বেগরাজ এর উত্তরাধিকারী শ্রীমতী পরমেশ্বরী দেবী, শ্রী ঘনশ্যাম দাস এবং নাথুরমল কেশয়ানী (থাওমল) এর অনুকূলে ত্যাগ করিয়া নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইয়াছেন। উক্ত ডিড্ অফ রিটারমেন্ট দলিল ঐ অফিসের ১নং বহির, ১১৭ নং ভল্যুযমর, ২০৯ নং হইতে ২২৮ নং পাতায় লিখিত, ৪৫৮০ নং দলিল (বিয়িং)রূপে লিপিবদ্ধ আছে।

অতঃপর বিগত ইংরাজী ০৬/১২/১৯৭১ তারিখে উক্ত নাথুরমল কেশয়ানী (থাওমল) পরলোক গমন করায় তাহার যাবতীয় সম্পত্তির মালিক হন তাহার স্ত্রী ও একমাত্র পুত্র শ্রী গুরুমুখ দাস কেশয়ানী। অতঃপর নাথুরমল কেশয়ানী (থাওমল) এর স্ত্রী পরলোক গমন করায় তাহার অংশের সম্পত্তির মালিক হন তাহার একমাত্র পুত্র স্ত্রী গুরুমুখ দাস কেশয়ানী।

অতঃপর উক্ত থারুমল বেগরাজ সিন্দির উত্তরাধিকারী শ্রীমতী পরমেশ্বরী দেবী, শ্রী ঘনশ্যাম দাস, শ্রী শ্যামা দাস, শ্রী গুরুমুখ দাস এবং নাথুরমল কেশয়ানী (থাওমল) এর একমাত্র পুত্র গুরুমুখ দাস কেশয়ানী একযোগে বিগত ইংরাজী ০৪/০৬/১৯৮০ তারিখে আলিপুর সাব-রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত একখন্ড সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত ৭৮৬ নং দাগের সম্পূর্ণ জমি জমা সহ অন্যান্য কিছু জমি জমা মেসার্স উদয়নপল্লী সমিতিকে সাফ বিক্রয় কোবালা দ্বারা বিক্রয় করিয়া দিয়া উক্ত সম্পত্তি হইতে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন। উক্ত সাফ বিক্রয় কোবালা দলিল ঐ অফিসের ১নং বহির, ১০৭নং ভল্যুমের, ৩২ নং হইতে ৩৮ নং পাতায় লিখিত, ২৭৯৩ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে।

অতঃপর মেসার্স উদয়ন পল্লী সমিতির তাহার খরিদা সম্পত্তির জে. এল. আর.ও. অফিস হইতে মিউটেশান করিয়া খাজনা দিয়া কলকাতা পুরসভা

হইতে মিউটেশান এবং যাবতীয় ট্যাক্স্ আদি প্রদান করিয়া খাসে ভোগ দখল করিতেছি।

বর্তমানে মেসার্স উদয়ন পল্লী সমিতির নানাবিধ উন্নয়নমূলক কাজের জন্য নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত ৭৮৪ নং দাগের ৮ ছটাক ১২বর্গফুট ও ৭৮৫ নং দাগের জমি জমার মধ্যে ৪ চার কাঠা ৬ ছয় ছটাক ৪১ একচল্লিশ বর্গফুট একুনে দুইটি দাগে মোট ৪ চার কাঠা ১৫ পনের ছটাক ৮ আট বর্গফুট পরিমিত ডাঙ্গা জমি জমা যাহা অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে দাখিলী নক্সায় লাল রংয়ের রেখার দ্বারা বেষ্ঠিত ও সুচিহ্নিত ০৭ নং প্লটের কমবেশী ৪ (চার) কাঠা ১৫ (পনের) ছটাক ৮ (আট) বর্গফুট পরিমিত ডাঙ্গা জমি জমা বেলমোক্তা মং ২,০০,০০০্ (দুই লক্ষ) টাকা মূল্যে সাফ বিক্রয় কোবালা গ্রহীতাদ্বয় আপনারা এই জমি এই মূল্যে খরিদ করিতে সম্মত হওয়ায় অত্র মেসার্স উদয়ন পল্লী সমিতির পক্ষে (প্রেসিডেন্ট) আমি অদ্য তারিখে উক্ত ধার্য্য মূল্যের সমুদয় টাকা নগদে এককালীন বুঝিয়া পাইয়া উপরোক্ত ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত সম্পত্তি নির্দ্দায় ও নির্দ্দোষ ও খাস অবস্থায় আপনাদেরকে সাফ বিক্রয় করিলাম এবং বিক্রীত সম্পত্তিতে আপনাদেরকে যথারীতি খাস দখল বুঝাইয়া দিয়া বিক্রীত সম্পত্তি হইতে উদয়ন পল্লী সমিতি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইল এবং মেসার্স উদয়ন

পল্লী সমিতির পক্ষে আমি (প্রেসিডেন্ট) আপনার নাম বরাবব অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে সহি সম্পাদন সহ রেজিস্ট্রী করিয়া দিলাম।

প্রকাশ থাকে যে, নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত সম্পত্তিতে মেসার্স উদয়ন পল্লী সমিতির যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে সম্পূর্ণ নির্দ্দায় ও খাস অবস্থায় আপনাদিগতে বর্ত্তিল। আপনারা অদ্য হইতে নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত সম্পত্তিতে মেসার্স উদয়ন পল্লী সমিতির স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলীকার হইয়া সরকার সেরেস্তায় আপনাদের নাম পত্তন করতঃ খাজনাদি আদায়ে নিজদের নামে রসিদ আদি গ্রহণে দান, বিক্রয়, বন্ধকাদির সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তরাদি করিবার ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে নির্ব্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে মেসার্স উদয়ন পল্লী সমিতি কোন স্থলবর্ত্তী কেহ কস্মিন কালেও কোনপ্রকার ওজর আপত্তি দাবী দাওয়া করিতে পারিবে না বা পারিবেক না যদি কেহ দাবী দাওয়া করি কিংবা ওজর আপত্তি করে তবে তাহা সর্ব্বদা সর্ব্ব আদালতে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে।

আরও প্রকাশ থাকে যে, মেসার্স উদয়ন পল্লী সমিতি ইতিপূর্বে অপর কাহাকেও বিক্রীত সম্পত্তি বিক্রয় বা কোনপ্রকার হস্তান্তর করে নাই বা করিবে

বলিয়া কাহারও সহিত চুক্তি করে নাই বা উহা কাহারও দেনার বা জামিনের কিংবা খোর পোষের জন্য কোনপ্রকার দায় সংযোগ করে নাই বা উক্ত সম্পত্তি দেবোত্তর, পীরোত্তর বা ট্রাস্ট ভুক্ত সম্পত্তি নহে, উহা সরকার কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা হইবে বলিয়া কোন নোটিশ পাইনি বা পায় নাই। বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও খাস অবস্থায় মেসার্স উদয়ন পল্লী সমিতির পক্ষে আমি (প্রেসিডেন্ট) বিক্রয় করিলাম।

আরও প্রকাশ থাকে যে, অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে যে ১৬-৩" ফুট প্রশস্থ কমন প্যাসেজ সি.এম.সি. রোডের সঙ্গে যুক্ত আছে। ঐ কমন প্যাসেজের উপর দিয়া চলাচল, গাড়ী ঘোড়া আনায়ন, জল নিকাশী ড্রেন, প্রস্তুত করা, জল, ইলেকট্রিক টেলিফোন লাইনের সংযোগ নেওয়ার যাবতীয় ব্যবহারিক রাইট ও ইজমেন্ট স্বত্বাধিকার আপনি আপনার উত্তরাধিকার ও স্থলবর্ত্তীগণক্রমে অর্জন করিতে পারিবেন।

আরও প্রকাশ থাকে যে, অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে কোনরূপ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইয়া তজ্জন্য কোন আবশ্যকীয় সংশোধনী (সাপ্লিমেন্টারী) দলিল বিনা পণে রেজিস্ট্রী করিয়া দিতে মেসার্স উদয়ন পল্লী সমিতি বাধ্য থাকিল।

প্রকাশ থাকে যে অত্র সমর্থনকারীপক্ষ অত্র গ্রহীতার অনুকূলে নিম্ন তপশীল ভুক্ত সম্পত্তির বিক্রয় সর্ব্বান্তকরণে সমর্থন করিয়া বিক্রীত সম্পত্তি হইতে সম্পূর্ণ রূপে লভ্য, হক-হকয়িৎ পরিত্যাগ করিলেন।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, স্বেচ্ছায়, অন্যের বিনানুরোধে অত্র দলিলের যাবতীয় মর্ম সম্যক অবগত হইয়া পণের সমুদয় ২,০০,০০০/ (দুই লক্ষ) টাকা নিম্ন জায়মত বুঝিয়া পাইয়া অত্র সাফ বিক্রয় কোবালা দলিল আপনাদের নাম বরাবর যথারীতি সহি সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিলাম।

ইতি তারিখ ইংরাজী ২০০৯ সালের ২৮-শে অক্টোবর

মোতাবেক বাংলা সন ১৪১৬ সনের ১১ ই কার্তিক

<u>তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়</u>

(ক) জেলা দক্ষিণ ২৪ পরগণা, সাব-রেজিস্ট্রী অফিস - আলিপুর, থানা - রিজেন্টপার্ক, কলকাতা - ৭০০০৮৪, ব্রহ্মপুর, ওয়ার্ড নম্বর - ১১১, পরগণা - মাগুরা, রে. সা. নম্বর ১৬৯, তৌজি নম্বর ৬০, জে. এল. নম্বর ৪৮, মৌজা - ব্রহ্মপুর গ্রামে, রিভিসন্যাল বা হাল জরিপের ৪ নং বিধিমতে দখলি স্বত্ব বিশিষ্ট ৬৮১ ছয় শত একাশি নম্বর খতিয়ানে লিখিত ৭৮৪ সাত শত চুরাশি নম্বর দাগের ডাঙ্গা জমি মধ্যে ৮ আট ছটাক ১২

বারো বর্গফুট বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত জমির হারাহারি বার্ষিক খাজনা ৭৫ পয়সা পশ্চিমবঙ্গ সরকারের অধীন বি. এল. এ্যান্ড এল. আর.ও. অফিসে সন্ সন্ আদায় দিতে হইবে।

(খ) জেলা দক্ষিণ ২৪ পরগণা, সাব-রেজিস্ট্রী অফিস - আলিপুর, থানা - রিজেন্টপার্ক, কলকাতা - ৭০০০৮৪, ব্রহ্মপুর, ওয়ার্ড নম্বর - ১১১, পরগণা - মাগুরা, রে. সা. নম্বর ১৬৯, তৌজি নম্বর ৬০, জে. এল. নম্বর ৪৮, মৌজা - ব্রহ্মপুর গ্রামে, রিভিসন্যাল বা হাল জরিপের ৪ নং বিধিমতে দখলি স্বত্ব বিশিষ্ট ৮৫১ আট শত একান্ন নম্বর খতিয়ানে লিখিত ৭৮৫ সাত শত পঁচাশি নম্বর দাগের ডাঙ্গা জমি মধ্যে ৪ চার কাঠা ৬ছয় ছটাক ৪১ একচল্লিশ বর্গফুট বিক্রীত সম্পত্তি হইতেছে। বিক্রীত জমির হারাহারি বার্ষিক খাজনা ২.২৫ টাকা পশ্চিমবঙ্গ সরকারের অধীন বি. এল. এ্যান্ড এল. আর.ও. অফিসে সন্ সন্ আদায় দিতে হইবে।

(ক) ও (খ) তপশীলে বিশেষভাবে বর্ণিত ৭৮৪ ও ৭৮৫ নং দাগের মোট ৪ (চার) কাঠা ১৫ (পনের) ছটাক ৮ (আট) বর্গফুট ডাঙ্গা জমি জমা যাহা অত্র সাফ বিক্রয় কোবালা দলিলে দাখিলী নক্সায় <u>লাল</u> রেখার দ্বারা বেষ্ঠিত ও সুচিহ্নিত ০৭ নম্বর প্লটে চিহ্নিত জমি জমা বিক্রীত সম্পত্তি হইতেছে। উহাতে বর্তমানে চাষবাদ হইতেছে।

## বিক্রীত সম্পত্তির চৌহদ্দি

উত্তরে ঃ প্লট নম্বর - ১, দাগ নম্বর ৭৮৫, ২০ ফুট সি.এম.সি. রোড।

দক্ষিণে ঃ ১৬'-০'' ফুট প্রশস্থ কমন প্যাসেজ।

পূর্ব্বে ঃ প্লট নম্বর - ৭, দাগ নম্বর ৭৮৪ ও ৭৮৫।

পশ্চিমে ঃ প্লট নম্বর - ৯, দাগ নম্বর ৭৮৪ ও ৭৮৫।

## তপশীল টাকার জায়

অদ্যরোজ নোটে ও নগদে প্রাপ্ত ............ ২,০০,০০০ টাকা

(মবলগে দুই লক্ষ টাকা বুঝিয়া পাইয়া তাহার প্রাপ্তি স্বীকার করিলাম)

ইসাদীঃ—

১। Debashis Chakraborty
2/102A, Sree Colony,
Kol-92

২। Bijoy Brahmy
7/1 Raipur
Kol-700084.

মুসাবিদাকারকঃ-

Prabuddha Ghosh Majumder
Regd. No. WB-613/89

আইনজীবি

আলিপুর পুলিশ কোর্ট


কলকাতা - ৭০০০২৭

কম্পিউটার টাইপকারকঃ—

কুন্তল মুখার্জ্জী


GOLAM MORTAZA LASKER
( Surveyor )
45/16, Usha Park, Kol-84
Licence No. N/O12-N20[illegible]

Thumb | 1st fingure | middle fingure | ring fingure | small fingur



left hand

right hand




Name

Signature A. Adhikari



left hand

right hahd



Name Soma Chakraborty

Signature Soma Chakraborty



left hand

right hand



Name Shimuli Mukherjee

Signature Shimuli Mukherjee



left hand

right hand



Name Dilip Kr Mukherjee

Signature D.K. Mukherjee

Photo

left hand

right hand

Name

Signature

## Government Of West Bengal
## Office of the D.S.R.-I SOUTH 24-PARGANAS
## ALIPORE
**Endorsement For deed Number :I-02738 of :2009**
**(Serial No. 02971, 2009)**

---

**On 28/08/2009**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 06.25 hrs on :28/08/2009,at the Private residence by Asit Kumar Sahu,one of the Executants.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on 28/08/2009 by

1. Asit Kumar Sahu,President,M/s Udayan Pally Samity,2 Deodar Rahaman Rd,Charu Market,Kol-33, profession : Business
2. Dilip Kumar Mukherjee, son of Lt Gopal Chandra Mukherjee ,77/5 Bosepara Kamdahari Garia ,Thana Regentpark,Pin 700084, By caste Hindu,by Profession :Service

Identified By Bijay Bhattacharya, son of Lt A C Bhattacharya P/1 Raipur 700084 Thana: ., by caste Hindu,By Profession :Retired Person.

Name of the Registering officer :**Abani KumarDey**
**Designation :DISTRICT SUB-REGISTRAR-I**

**On 31/08/2009**

**Certificate of Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23,5 of Indian Stamp Act 1899

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 14696/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on:31/08/2009

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs-1336125/-

Certified that the required stamp duty of this document is Rs 80188 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

**Deficit stamp duty**

**[Abani KumarDey]**
**DISTRICT SUB-REGISTRAR-I**
**OFFICE OF THE DISTRICT SUB-REGISTRAR-I OF SOUTH 24-PARGANAS**
**Govt. of West Bengal**

---



3 1 AUG 2009

**Government Of West Bengal**
**Office of the D.S.R.-I SOUTH 24-PARGANAS**
**ALIPORE**
**Endorsement For deed Number : I-02738 of :2009**
**(Serial No. 02971, 2009)**

---

Deficit stamp duty 1 Rs 40000/- is paid, by the draft number 345131, Draft Date 27/08/2009 Bank Name STATE BANK OF INDIA, Court Tryalipore, received on 31/08/2009. 2 Rs 35190/- is paid, by the draft number 345130, Draft Date 27/08/2009 Bank Name STATE BANK OF INDIA, Court Tryalipore, received on 31/08/2009.

Name of the Registering officer :**Abani KumarDey**
Designation :**DISTRICT SUB-REGISTRAR-I**

[Abani KumarDey]
DISTRICT SUB-REGISTRAR-I
OFFICE OF THE DISTRICT SUB-REGISTRAR-I OF SOUTH 24-PARGANAS
Govt. of West Bengal

---



31/8/09

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 13
Page from 961 to 978
being No 02738 for the year 2009.

(Abani KumarDey) 31-August-2009
DISTRICT SUB-REGISTRAR-I
Office of the D.S.R.-I SOUTH 24-PARGANAS
West Bengal